

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ০৭/২০১৫

অভিযোগকারী : জনাব ছাদেক উল্লাহ ছিদ্দিকী
পিতা-ডা. নুরুল আমিন
ওয়ার্ড নং-৭, মহেশখালী পৌরসভা
কক্সবাজার।

প্রতিপক্ষ : জনাব মুহাম্মদ সাদিকুর রহমান
সহকারী কমিশনার (ভারপ্রাপ্ত কর্মকর্তা)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়
কক্সবাজার।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২২-০২-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব ছাদেক উল্লাহ ছিদ্দিকী ৩০-০৯-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মুহাম্মদ সাদিকুর রহমান, সহকারী কমিশনার (ভারপ্রাপ্ত কর্মকর্তা) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- কক্সবাজার পৌরসভার ৬ নং ঘাটের ইজারাদারকে চলতি বছরের ইজারা দেয়ায় জেলা প্রশাসনের অফিস অর্ডারের অনুলিপি।

০২। প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১০-১২-২০১৪ তারিখে জনাব মোহাম্মদ আবদুল্লাহ, বিভাগীয় কমিশনার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২০-০১-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৮-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়। পরবর্তীতে অনিবার্য কারণবশত শুনানীর তারিখ ১৮-০২-২০১৫ এর পরিবর্তে ২২-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি পুনরায় সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ছাদেক উল্লাহ ছিদ্দিকী তার প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়ে তথ্য কমিশনে অভিযোগ প্রত্যাহারে আবেদন প্রেরণ করে গরহাজির। প্রতিপক্ষ জনাব মুহাম্মদ সাদিকুর রহমান, সহকারী কমিশনার (ভারপ্রাপ্ত কর্মকর্তা) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার গরহাজির।

পর্যালোচনা

অভিযোগকারীর দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, জনাব মুহাম্মদ সাদিকুর রহমান, সহকারী কমিশনার (ভারপ্রাপ্ত কর্মকর্তা) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার অভিযোগকারীকে তার যাচিত তথ্যাদি সরবরাহ করেছেন এবং অভিযোগকারী তার প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়েছেন। প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগকারী অভিযোগটি প্রত্যাহারের আবেদন করেছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য করা যায়।

(অ: পৃ: দ্র:)

সিদ্ধান্ত।

যেহেতু, জনাব মুহাম্মদ সাদিকুর রহমান, সহকারী কমিশনার (ভারপ্রাপ্ত কর্মকর্তা) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন এবং যেহেতু, অভিযোগকারী প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগটি প্রত্যাহারের আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো এবং সরবরাহকৃত তথ্যের ফটোকপি পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে তথ্য কমিশনে প্রেরণ করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার